রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৪১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১২, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭১৫—৭২২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৪৭—১৪৮১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৭—২২৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৪৫—১৪৪৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

#### প্রজ্ঞাপন

তারিখ: ১২ ভাদ্র ১৪২৪/২৭ আগস্ট ২০১৭

নং ৩৯.০০.০০০০.০০৬.১২.০২৪.১৬-৪৫৬—বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মঞ্জুরুল হক আগামী ৩১-৮-২০১৭ তারিখে অবসর উত্তর ছুটিতে গমন করবেন। ফলে উক্ত তারিখ হতে কমিশনের চেয়ারম্যান পদটি শূন্য হবে। শূন্য পদটি পূরণের লক্ষ্যে কমিশনের জ্যেষ্ঠ ও স্থায়ী সদস্য (ভৌত বিজ্ঞান) ড. দিলীপ কুমার সাহা-কে আগামী ০১-৯-২০১৭ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানের চলতি দায়িত্ব প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

মোঃ সোহেল ইমাম খান
উপসচিব।

#### সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৪/২১ আগস্ট ২০১৭

নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০৪৭—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরে "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/ বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ (Peer Review Committee on Biological Sciences (BS) আদিষ্ট হয়ে গঠন করা হলো:

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. সৈয়দ সাখাওয়াত হোসেন | পশু প্রজনন ও কৌলি বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ মাহবুবুর রহমান | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. রাখহরি সরকার | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ৪। | অধ্যাপক ড. মোহাম্মদ আলী | কীটতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৫। | ড. মোঃ আজিজুল হক | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর, জয়দেবপুর | সদস্য |
| ৬। | অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান | গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। কর্মপরিধিঃ

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee' র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee' র সভায় কমিটির দুই তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

---

## ভূমি মন্ত্রণালয়

### জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৪/২৯ আগস্ট ২০১৭

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৮.২০১৪-১৭৬**—১৯৫৫ সনের প্রজাস্বত বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | রাজাখালী | ৪ | পেকুয়া | কক্সবাজার |
| ২ | মোক্তারদিয়া | ৬৭ | হাতিয়া | নোয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
### মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
### সরকারি বিশ্ববিদ্যালয়-১ (অধিশাখা-১৮)

### প্রজ্ঞাপন

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৪/১০ সেপ্টেম্বর ২০১৭

**নং শিম/শাঃ১৮/৯খুঃবিঃ-১/৯৭/২৮২**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর খুলনা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯০ এর এর ১৪(১) ধারা অনুযায়ী প্রফেসর সাধন রঞ্জন ঘোষ, অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, সরকারি বিএল কলেজ, দৌলতপুর, খুলনাকে এ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করতে সম্মতি জ্ঞাপন করেছেন:

(ক) কোষাধ্যক্ষ হিসেবে তার নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এ নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) তিনি মাসিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে সম্মানী ভাতা পাবেন এবং কোষাধ্যক্ষ পদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**শাহনাজ সামাদ**
উপসচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৪/১২ সেপ্টেম্বর ২০১৭

**নং শিম/শাঃ১৮/বাঃইউঃপ্রঃ-১/২০০৮/২৮৩**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস আইন, ২০০৮ এর ১৩(১) ধারা অনুযায়ী প্রফেসর ডক্টর এম আবুল কাশেম মজুমদার, লোক প্রশাসন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার বর্তমানে মেম্বার, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, ঢাকা-কে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর প্রো-ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করতে সম্মতি জ্ঞাপন করেছেন:

(ক) প্রো-ভাইস-চ্যান্সেলর হিসেবে তার নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

(খ) প্রো-ভাইস-চ্যান্সেলর পদে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি অনুযায়ী পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন থেকে পদত্যাগ সাপেক্ষে তার এই নিয়োগ কার্যকর হবে;

(ঙ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**হাবিবুর রহমান**
উপসচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-১ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ: ২১ ভাদ্র ১৪২৪/৫ সেপ্টেম্বর ২০১৭

নং ৩৮.০০৭.০১৫.০০০.১৪.০১.২০১৫(অংশ-১)/৩৮০—প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন, ১৯৭৪ এর ৬ ধারার অধীনে প্রণীত অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা ২০১৩ এর বিধি ৪ এর উপ-বিধি (১) এ প্রদত্ত কর্তৃত্ববলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৩-৩-২০১৭ তারিখের ৩৮.০০৭.০১৫.০০০.১৪.০১.২০১৫-১১৯ নং প্রজ্ঞাপনের ঢাকা বিভাগের ৫৮ নং ক্রমিকের নিম্নবর্ণিত বিদ্যালয়টির সরকারিকরণের আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

**ঢাকা বিভাগ ঃ**

| গেজেটের ক্রমিক নং | জেলা | উপজেলা | বিদ্যালয়ের নাম |
|---|---|---|---|
| ৫৮ | শেরপুর | নকলা | দড়িতে ঘড়ি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় |

**পুলক রঞ্জন সাহা**
যুগ্ম সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৫ ভাদ্র ১৪২৪/২০ আগস্ট ২০১৭

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০২.১৭-৪৭৮—যেহেতু, বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব আবদুল মোমেন (২৩৬৭৩), প্রভাষক (ভূগোল), মহেশপুর ডিগ্রী কলেজ, ঝিনাইদহকে গত ৩-১০-২০১৬ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন"এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। গত ১৬-০৬-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তিনি জানান যে, গত ০৩-১০-২০১৬ তারিখ হতে ৪-১২-২০১৬ তারিখ পর্যন্ত জটিল এ্যাজমা ও হৃদরোগে আক্রান্ত তার মায়ের চিকিৎসা ও ব্যক্তিগত অসুস্থতার কারণে তিনি কর্মস্থলে উপস্থিত হতে পারেননি। গত ৫-১২-২০১৬ তারিখ হতে অদ্যাবধি তিনি তার উপর অর্পিত দায়িত্ব অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করছেন। তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, জনাব আবদুল মোমেন (২৩৬৭৩), প্রভাষক (ভূগোল), মহেশপুর ডিগ্রী কলেজ, ঝিনাইদহ এর ব্যক্তিগত শুনানি, শুনানিকালে প্রদত্ত মৌখিক জবানবন্দি, শারীরিক অসুস্থতার বিষয় ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে (০৩-১০-২০১৬ তারিখ হতে ০৪-১২-২০১৬) বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

**অফিস আদেশ**

তারিখ: ৯ ভাদ্র ১৪২৪/২৮ আগস্ট ২০১৭

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৭-৫০১—যেহেতু, জনাব মোঃ সফিকুর রহমান, সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: ফরিদপুর সরকারি কলেজ, ফরিদপুর এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল, গোপালগঞ্জ এ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১(গ) ধারায় মামলা দায়ের করেন। সে পরিপ্রেক্ষিতে ৯-২-২০১৭ তারিখে বিজ্ঞ আদালত তাকে জেল হাজতে প্রেরণ করায় তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তিনি মামলা প্রত্যাহারের জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করলে, বিজ্ঞ আদালত (নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল, গোপালগঞ্জ) কর্তৃক গত ২০-৭-২০১৭ তারিখে হতে অব্যাহতি প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে তাকে চাকরিতে পুনর্বহাল করায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, মাননীয় আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ সফিকুর রহমান, সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: ফরিদপুর সরকারি কলেজ, ফরিদপুর এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৪/১০ সেপ্টেম্বর ২০১৭

নং ৩৬.০০.০০০০.০৮৬.১৪.০১৪.১৬(খন্ড-৩)-৩০০—বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক বাস্তবায়নাধীন "হাতেকলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন (৩য় সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের মধ্য মেয়াদি মূল্যায়নের লক্ষ্যে নিম্নরূপে একটি আন্তঃমন্ত্রণালয় প্রকল্প মূল্যায়ন কমিটি গঠন করা হলোঃ

**আহ্বায়ক**

(১) যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

(৩) পরিকল্পনা কমিশনের শিল্প সেক্টরের প্রতিনিধি

(৪) আইএমইডি'র প্রতিনিধি

(৫) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বিটাক

**সদস্য-সচিব**

(৬) সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

(ক) প্রকল্পের আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা;

(খ) প্রকল্পের অভিষ্ট লক্ষ অর্জনে সফলতা/ব্যর্থতা সম্পর্কে আলোকপাত;

(গ) প্রকল্প বাস্তবায়নে সমস্যা/প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মতামত প্রদান; এবং

(ঘ) প্রকল্পের কর্মপ্রকৃতি মূল্যায়নের (Performance Evaluation) আলোকে সুপারিশমালা প্রণয়ন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুঃ নুরুল আমিন খান**
সিনিয়র সহকারী প্রধান।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ ভাদ্র ১৪২৪/৬ সেপ্টেম্বর ২০১৭

নং **সবিম/শাঃ৪/গগ্র-১৬৭/২০০১/২৯৬**—সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের সুফিয়া কামাল জাতীয় গ্রন্থাগার, বিভাগীয় ও জেলা গণগ্রন্থাগারসমূহের জন্য রাজস্ব বাজেটের আওতায় পুস্তক ক্রয়কল্পে কেন্দ্রীয়ভাবে "পুস্তক নির্বাচনী কমিটি" নির্দেশক্রমে নিম্নবর্ণিতভাবে গঠন করা হলো:

**আহ্বায়ক**

১। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা/উপযুক্ত প্রতিনিধি।

৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪। নির্বাহী পরিচালক, নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।

৫। পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

৬। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।

৭। জনাব নূর হোসেন তালুকদার, সাবেক মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

৮। উপসচিব-২, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৯। লাইব্রেরিয়ান, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, ঢাকা।

১০। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

১১। প্রতিনিধি, বিশ্বসাহিত্য কেন্দ্র, বাংলা মটর, ঢাকা।

১২। জনাব মফিদুল হক, সাহিত্য প্রকাশ, ঢাকা।

১৩। সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লাইন, ঢাকা।

১৪। জনাব আসলাম সানী, ১৮৫/এ, জগন্নাথ সাহা রোড, লালবাগ, ঢাকা।

১৫। জনাব খান মাহবুব, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০।

**সদস্য-সচিব**

১৬। সহকারী পরিচালক/লাইব্রেরিয়ান (সংগ্রহ ও বিতরণ), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

**কমিটির কার্যপরিধিঃ**

সংশ্লিষ্ট নীতিমালা অনুসারে গণগ্রন্থাগার অধিদপ্তরের সুফিয়া কামাল জাতীয় গ্রন্থাগার, বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহের জন্য রাজস্ব খাতে ক্রয়যোগ্য মানসম্মত পুস্তক নির্বাচন।

**মোঃ খোরশেদ আলম**
উপসচিব-২।

---

**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৪/১০ আগস্ট ২০১৭

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.২৫.১৪-৪২৮**—১৯৬৮ ইং সালের (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত টেগর লজ উপজেলা-কুষ্টিয়া জেলা- কুষ্টিয়া | ২০ নং বাহারদুরখালী | ১২১ | ৩৪৩৮ | ০.১৪০০ একর | উত্তরে-কবি আজিজুর রহমান সড়ক (স্টেশন রোড)<br>দক্ষিণে-রেনউইক এ্যান্ড যজ্ঞেশর কোং<br>পূর্বে-রেনউইক এ্যান্ড যজ্ঞেশর কোং<br>পশ্চিমে-মোঃ আল- হেলাল (ভারত) পিং বেলাল হোসেন এর দোকান | বর্তমানে কুষ্টিয়া পৌরসভার মালিকানায় ও তত্ত্বাবধানে রয়েছে। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউদ্দিন ভূঁঞা**
সহকারী সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৪/১২ সেপ্টেম্বর ২০১৭

**নং ৪৭.০০.০০০০.০৩২.২৩.১৫৩.১৭-৪২৭**—২৬ মাঘ ১৪১৮ বঙ্গাব্দ ০৮-০২-২০১২ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ৪৭.০৩২.০২৩.০৬১. ০০১.২০১১.৮৬ মূলে জারীকৃত জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০১১ এর ৭.১ অনুচ্ছেদ মোতাবেক গঠিত জাতীয় কমিটির ক্রমিক ১৫ এ জাতীয় সমবায় পুরস্কারপ্রাপ্ত নিম্নোক্ত ০২ (দুই) জন বিশিষ্ট সমবায়ীকে আগামী দুই বছরের জন্য সরকার কর্তৃক মনোনয়ন প্রদান করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও ঠিকানা |
|---|---|
| ০১। | মুন্সী রফিকুল ইসলাম<br>গ্রামঃ+ পোঃ-পাটগাতী<br>উপজেলা- টুংগীপাড়া, জেলা- গোপালগঞ্জ। |
| ০২। | জনাব মোঃ বাহাউদ্দিন বেপারী<br>গ্রাম- সুবিদখালী, ডাকঘর- সুবিদখালী<br>উপজেলা- মির্জাগঞ্জ, জেলা- পটুয়াখালী। |

**নূরুন নাহার**
উপসচিব।

---

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৪/৭ সেপ্টেম্বর ২০১৭

**নং ৪২.০০.০০০০.০৩১.১৫.০৫০.১৬.৭২৫**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর জন্য অস্থায়ীভাবে সৃষ্ট ৫৫(পঞ্চান্ন)টি পদের মেয়াদ ১-৬-২০১৭ তারিখ হতে ৩১-৫-২০১৮ তারিখ পর্যন্ত (২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-৫-২০১৭ তারিখের স্মারক নং ০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-১১৮ এবং অর্থ বিভাগের ২-৮-২০১৭ তারিখের স্মারক নং ০৭.১৫৩.০২৯.০৬.০০.০২.২০১৫-৩৪২-এর শর্তাবলী পালন সাপেক্ষে সংরক্ষণের জন্য নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলো:

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | প্রেষণে | ১(এক)টি | |
| ২। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | ৫০০০০-৭১২০০/- | ১(এক)টি | |
| ৩। | পরিচালক (জলাভূমি) | ৫০০০০-৭১২০০/- | ১(এক)টি | |
| ৪। | উপ-পরিচালক (প্রকৌশলী-১) | ৩৫৫০০-৬৭০১০/- | ১(এক)টি | |
| ৫। | উপ-পরিচালক (কৃষি ও মৎস্য) | ৩৫৫০০-৬৭০১০/- | ১(এক)টি | |
| ৬। | উপ-পরিচালক (ভূমি ও পরিবেশ) | ৩৫৫০০-৬৭০১০/- | ১(এক)টি | |
| ৭। | উপ-পরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য) | ৩৫৫০০-৬৭০১০/- | ২(দুই)টি | |
| ৮। | সহকারী প্রোগ্রামার (ভূমি ও পরিবেশ) | ২২০০০-৫৩০৬০/- | ১(এক)টি | |
| ৯। | সহকারী পরিচালক (প্রকৌশল) | ২২০০০-৫৩০৬০/- | ১(এক)টি | |
| ১০। | সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | ২২০০০-৫৩০৬০/- | ১(এক)টি | |
| ১১। | সহকারী পরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য) | ২২০০০-৫৩০৬০/- | ২(দুই)টি | |
| ১২। | সহকারী পরিচালক (পরিবেশ) | ২২০০০-৫৩০৬০/- | ১(এক)টি | |
| ১৩ | সহকারী পরিচালক (কৃষি ও মৎস্য) | ২২০০০-৫৩০৬০/- | ১(এক)টি | |
| ১৪। | মাঠ কর্মকর্তা | ১৬০০০-৩৮৬৪০/- | ৪ (চার)টি | |
| ১৫। | হিসাব রক্ষক | ১০২০০-২৪৬৮০/- | ১(এক)টি | |
| ১৬। | হিসাব সহকারী | ৯৩০০-২২৪৯০/- | ২(দুই)টি | |
| ১৭। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- | ৩(তিন)টি | |
| ১৮। | ব্যক্তিগত সহকারী | ৯৩০০-২২৪৯০/- | ৩(তিন)টি | |

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৯। | ডাটা এন্ট্রি অপারেটর | ৯৩০০-২২৪৯০/- | ৩(তিন)টি | |
| ২০। | গাড়ী চালক | | ৫(পাঁচ)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২১। | ইঞ্জিন বোট চালক | | ২(দুই)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২২। | বার্তাবাহক | | ৩(তিন)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২৩। | অফিস সহায়ক | | ৯(নয়)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২৪। | নিরাপত্তা প্রহরী | | ৩(তিন)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২৫। | স্পীড বোট চালক | | ২(দুই)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| | | | ৫৫ (পঞ্চান্ন)টি | |

২। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বছরে সাংবিধানিক কোড নং-৩, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ইউনিট-৩২৮৩ম প্রাতিষ্ঠানিক কোড-৪৭০৫, অর্থনৈতিক কোড-৫৯০১ (সাধারণ মঞ্জুরী) ও অন্যান্য মঞ্জুরী বেতন বাবদ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে এ ব্যয় মিটানো হবে।

৩। এ আদেশ জারিতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

মোঃ মোতাহার হোসেন
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**
**আদেশাবলি**

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৪/১৩ আগস্ট ২০১৭

নং ৩৮.০০.০০০০.০০৪.০০২.১৭-১৮৯—যেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার সদর, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে আপিল মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানিতে প্রদত্ত তথ্য-প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) উপবিধি মোতাবেক "তিরস্কার" (Censure) দণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয়ের বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানিতে প্রদত্ত তথ্য-প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত ১০০০/- (এক হাজার) টাকা ঘুষ গ্রহণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় ২০-১১-২০১৬ তারিখের ৩৮.১০৫.০২৭.০৩.০৭.১৮১.২০১৬-৪২১ স্মারকের প্রজ্ঞাপনে তার উপর আরোপিত "তিরস্কার" দণ্ড প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলায় "তিরস্কার" দণ্ড হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ৩৮.০০.০০০০.০০৪.০০৯.১৭-১৯০—যেহেতু, আফরোজ জেসমিন, উপজেলা শিক্ষা অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর (সাবেক উপজেলা শিক্ষা অফিসার সদর, রংপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের সপক্ষে যথাযথ প্রমাণাদি পাওয়া যায়নি এবং তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়:

সেহেতু, আফরোজ জেসমিন, উপজেলা শিক্ষা অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর (সাবেক উপজেলা শিক্ষা অফিসার সদর, রংপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৪/৩১ আগস্ট ২০১৭

নং ৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৩.১৭-২০৯—যেহেতু, জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার(চঃ দাঃ) সদর, কুড়িগ্রাম। প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চঃ দাঃ), বিরামপুর, দিনাজপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩(বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণে অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানিতে প্রদত্ত তথ্য-প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ২ (দুই) বছরের জন্য স্থগিত করা হয়। তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না;

যেহেতু তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয়ের বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানিতে প্রদত্ত তথ্য-প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তার অধঃস্তনগণ সমাপনী পরীক্ষা ২০১৫-এর ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বর টেম্পারিং করে এন্ট্রি করেন। তিনি উক্ত টেম্পারিং কার্যক্রমের সাথে সরাসরি সংশ্লিষ্ট না থাকলেও সার্বিক দায়িত্বে নিয়োজিত ছিলেন। সার্বিক পর্যালোচনায় ২-৩-২০১৭ তারিখের ৩৮.১০৬.০২৭.০৭.০৩.২০৪.২০১৬-১০১ স্মারকের প্রজ্ঞাপনে তার উপর আরোপিত ১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত করা সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার, সদর (চঃ দাঃ), সদর, কুড়িগ্রাম (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চঃ দাঃ), বিরামপুর, দিনাজপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক বিভাগীয় মামলায় তার উপর আরোপিত ১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত করা হলো। তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ৩৮.০০.০০০০.০০৪.২৭.০০৪.১৭-২১০—যেহেতু, এশরাত জাহান নিতু, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাইবান্ধা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩(বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানিতে প্রদত্ত তথ্য-প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত করা হয় এবং তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না;

যেহেতু তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয়ের বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার আপীল আবেদনের সংশ্লিষ্ট কাগজপত্র এবং শুনানিতে তার বক্তব্য পর্যালোচনা করে ২-৩-২০১৭ তারিখের ৩৮.১০৬.০২৭.০৭.০৮.১৭২.২০১৬-১০২ স্মারকের প্রজ্ঞাপনে তার উপর আরোপিত ১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে "তিরস্কার" দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এশরাত জাহান নিতু, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাইবান্ধা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিত এর পরিবর্তে একই বিধিমালার ৪(২)(এ) উপবিধি মোতাবেক বিভাগীয় মামলায় "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শাখা: কারিগরি-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৪/৮ আগস্ট ২০১৭

নং ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫(অংশ)-৭৮৩—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান বিগত ২১-১০-২০১৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ০৭-২-২০১৫ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫-১১৯ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ' এবং ৩(সি) মোতাবেক 'ডিজারশন' এর অভিযোগে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

২। উল্লিখিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাবের পরিপ্রেক্ষিতে গত ২৪-৪-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণকরা হয়। শুনানিকালে দেখা যায় যে, তিনি শিক্ষানবিশকাল অতিক্রমের পূর্বেই কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপিস্থিত রয়েছেন, সেহেতু তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ' এবং ৩ (সি) মোতাবেক 'ডিজারশন' এর অভিযোগে সংশ্লিষ্ট বিধিমালার ৪(৭)(এ) উপবিধি অনুযায়ী **"চাকরি থেকে অব্যাহতি** (Termination)" প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমের আলোকে উপর্যুক্ত বিধিমালার বিধি ৪(৭)(এ) উপবিধি অনুযায়ী জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে "চাকরি থেকে অব্যাহতি (Termination)" দেয়ার বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণ করা হয়। কমিশন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৪(৭)(এ) মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে **"চাকরি থেকে অব্যাহতি** (Termination)" দেয়ার ব্যাপারে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে মতামত প্রদান করে।

৩। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত এবং সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এবং ৩(সি) মোতাবেক 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার উপবিধি ৪(৭)(এ) অনুযায়ী **"চাকরি থেকে অব্যাহতি** (Termination)" দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৪(৭)(এ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে (জুনিয়র ইন্সট্রাক্টর-ইলেকট্রিক্যাল, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট) বিগত ২১-১০-২০১৫ তারিখ হতে **"চাকরি থেকে অব্যাহতি** (Termination)" প্রদান করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আলমগীর
সচিব।